

## ইচ্ছা পূরণ

--দীপালোক ভট্টাচার্য

জীবনে চলার পথে আছে কত বাধা-  
আমরা তবুও ছুটছি ইচ্ছা পূরণে সদা ।  
গোলক ধাধায় ভরা আমাদের সমাজ  
সমাজের মাঝে আমরা পরিহাস ।  
তবুও কি ! ইচ্ছা পূরণ হবে না সবার-  
ইচ্ছা পূরণে আঙুয়ান হই বারবার ।  
ধন্য আমাদের বলবান সমাজ,-  
ধন্য সমাজের বলীয়ান কর্তারা  
তবুও এ সমাজ হার মানবে ইচ্ছা পূরণে সর্বদা ।  
ইচ্ছা পূরণে আছে কত বাধা,-  
তবুও কি থেমে থাকবে ইচ্ছা পূরণের মর্যাদা ।  
ইচ্ছা পূরণ করে নাকো ভয়, নেই তার সংশয় ।  
আছে তার বল, নয় সে দুর্বল  
ভেঙে দিতে পারে সমাজের কূটনীতির দল ।  
এগিয়ে যাও নব দিগন্তের পথে-  
উদ্ভাসিত সূর্যের দিকে ।  
আঙুয়ান হও ইচ্ছা পূরণের সম্মুখের পথে ।